

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩১.০০১.১৭.২২১

তারিখ: ২ ভাদ্র ১৪২৯

১৭ আগস্ট ২০২২

বিষয়: মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলাধীন 'পাইকপাড়া এম এ আহাদ আধুনিক কলেজ স্থাপনের  
অনুমতি প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর স্মারক নং-৩৭.১৪.৯১০০.৩০০.৪২.০০৩.২১.৩০৫ তারিখ:  
০৭ অক্টোবর, ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, সিলেট-এর পরিদর্শন  
প্রতিবেদনের আলোকে মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলাধীন "পাইকপাড়া এম এ আহাদ আধুনিক কলেজ" স্থাপনের  
অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

**শর্তসমূহ:**

- ১। পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ, জমি ক্রয় এবং অবকাঠামো  
নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ/তৈরি করতে হবে;
- ২। ব্যক্তি নামে কলেজ নামকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার এবং অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে ১৫,০০,০০০ (পনের  
লক্ষ) টাকা ব্যাংকে জমা প্রদান করতে হবে;
- ৩। কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ৪। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোনো সময় এ অনুমোদন বাতিল করতে পারবে; এবং
- ৫। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

১৭-৮-২০২২

মোসাঃ রোকেয়া পারভীন

উপসচিব

ফোন: ৯৫৭৭৪২৫

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: info@moedu.gov.bd

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩১.০০১.১৭.২২১/১(৯)

তারিখ: ২ ভাদ্র ১৪২৯

১৭ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৩) যুগ্মসচিব, কলেজ-২ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮) অধ্যক্ষ, পাইকপাড়া এম এ আহাদ আধুনিক কলেজ, কুলাউড়া, মৌলভীবাজার
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৭-৮-২০২২

মোসাঃ রোকেয়া পারভীন  
উপসচিব